



প্রবাসীদের হয়রানি ও ভোগান্তি নিরিসনে বিশেষ আদালত গঠনের পরিকল্পনা সরকারের: আইনমন্ত্রী মো. আসাদুজ্জামান

লেখক: প্রকাশক | প্রকাশিত: 13 October 2026, 12:31 PM | বিভাগ: জাতীয়



প্রবাসীদের হয়রানি ও দীর্ঘসূত্রিতা নিরিসনে পাশাপাশি তাদের মানবাধিকার নিশ্চিত করতে একটি বিশেষ আদালত গঠনের উদ্যোগ নিয়েছে সরকার। খুব দ্রুতই এই বিশেষ আদালত চালু হবে বলে জানিয়েছেন আইনমন্ত্রী মো. আসাদুজ্জামান।

মঙ্গলবার (১৩ অক্টোবর) সকালে রাজধানীর একটি হোটেলে বেসরকারি সংস্থা রামরুর ত্রিশ বছর পূর্তি উপলক্ষে আয়োজিত অভিবাসন বিষয়ক এক আলোচনা অনুষ্ঠানে প্রধান অতিথি বক্তব্যে তিনি এ কথা বলেন।

আইনমন্ত্রী বলেন, নতুন এই বিশেষ আদালতের মাধ্যমে প্রবাসীদের যেকোনো আইনি সমস্যা, প্রবাসজীবনের সংকট এবং তাদের পেন্ডিং মামলাগুলোর দ্রুত নিষ্পত্তি করা সম্ভব হবে। আদালত গঠনের প্রক্রিয়াটি বর্তমানে খসড়া পর্যায়ে রয়েছে এবং শগিগরিই এটি আনুষ্ঠানিকভাবে আলোর মুখ

দখেবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

অনুষ্ঠানে রামরুর উপদেষ্টা এবং অন্তর্বর্তীকালীন সরকারের সাবেক উপদেষ্টা সীতার আবরার বলেন, দশেরে অভাবিসন খাতকে সুশৃঙ্খল ও গোছানো করা গেলে পুরো বাংলাদেশকে এগিয়ে নেওয়া অনেক সহজ হবে। এজন্য অভাবিসন খাতের উন্নয়নে সুনরিদৃষ্টি দীর্ঘময়াদি পরিকল্পনা এবং পর্যাপ্ত বাজেট বা আর্থিক বরাদ্দ নিশ্চিতি করার ওপর জোর দেন তিনি।

© 2026 আপনার নজি পোর্টাল। সর্বস্বত্ব সংরক্ষিত।

এই প্রতিবেদনটি আমাদের ওয়েবসাইট থেকে ডাউনলোড করা হয়েছে।